

কারিগরি শিক্ষার সুযোগ প্রসারিত করতে হবে:

প্রধানমন্ত্রী

(বিদ্যাবিদ্যালয় রিপোর্টার)

প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান দেশব্যাপী কারিগরি শিক্ষার সুযোগ সুবিধা প্রসারের ওপর গুরুত্ব আরোপ করেছেন।

শনিবার সালিমুল্লাহ মুসলিম এতিমখানায় নবাব খাজা আহসানউল্লাহর প্রথম মৃত্যুবার্ষিকী উপলক্ষে এক অনুষ্ঠানে তিনি প্রধান অতিথির ভাষণ দাঁচছিলেন। সালিমুল্লাহ এতিমখানার প্রাক্তন ছাত্রদের সংগঠন 'সেবা' এ অনুষ্ঠানের আয়োজন করে।

প্রধানমন্ত্রী বলেন, যুগ পরিবর্তিত হচ্ছে। এটা বিজ্ঞান ও কারিগরি শিক্ষার যুগ। কারিগরি শিক্ষার চাহিদা দেশ-বিদেশে সবত্রই রয়েছে। আমাদের সাধারণ শিক্ষার কোন দরকার নেই। এতিমখানার কারিগরি শিক্ষা ক্ষেত্রে সরকারী মঞ্জুরী-বাড়িয়ে দেয়া হবে বলে তিনি প্রতিশ্রুতি দেন।

অনুষ্ঠানে সভানেত্রীত্ব করেন মরহুম খাজা আহসানউল্লাহর স্ত্রী মিসেস শামসুনন্নাহার আহসানউল্লাহ। সেবার সাধারণ সম্পাদক জনাব আবদুর রউফও অনুষ্ঠানে বক্তৃতা করেন।

সভানেত্রীর ভাষণে মিসেস শামসুনন্নাহার আহসানউল্লাহ বলেন, খাজা আহসানউল্লাহ বড় ঘরে জন্মগ্ৰহণ করলেও সাধারণ মানুষ এবং দেশের সঙ্গে ঘনিষ্ঠভাবে সম্পর্কিত ছিলেন। তাঁর আদর্শ আমাদের জীবনে প্রতিফলিত করতে হবে।

মৃত্যুবার্ষিকী উপলক্ষে শনিবার বেগম বাজারস্থ মরহুমের মাজার বাসভবন ও আহসান হুজিঙ্গা কুরান খানি এবং মিলাদ মাহফিলের আয়োজন করা হয়।